অনুশীলনী-৭.১

১. প্রত্যেকটি ত্রিভুজের কয়টি অঙ্গ আছে?

ক ৩টি খ ৪টি

গ ৫টি ঘ ৬টি

২. ত্রিভুজের ছয়টি অঙ্গ কী কী?

ক ৩টি বাহু ও ৩টি কোণ খ ২টি বাহু ও ৪টি কোণ

গ ৪টি বাহু ও ২টি কোণ ঘ ১টি কোণ ও ৫টি বাহু

৩. উপাত্ত সংখ্যা কয়টি হলে অনেক ক্ষেত্রে একটি নির্দিষ্ট ত্রিভুজ আঁকা যায় না?

ক ৩টি খ ৪টি

গ ৫টি ঘ ৬টি

৪. চতুভুর্জের কয়টি উপাত্ত দেওয়া থাকলে একটি নির্দিষ্ট চতুর্ভুজ আঁকা যায় না?

ক ৩টি খ ৪টি

গ ৫টি ঘ ৬টি

৫. নির্দিষ্ট চতুর্ভূজ আঁকার জন্য কয়টি স্বতন্ত্র উপাত্তের প্রয়োজন?

ক ৪টি খ ৫টি

গ ৬টি ঘ ৩টি

৬. বর্গের একটি বাহু দেওয়া থাকলে বর্গটি আঁকা যায়। কারণ তাতে আছে টি উপাত্ত।

ক ৩টি খ ৪টি

গ ৫টি ঘ ৬টি

৭. পরিসীমা ও একটি কোণ দেওয়া থাকলে কোন চতুর্ভূজটি আঁকা যায়?

ক রম্বস খ বর্গক্ষেত্র

গ আয়তক্ষেত্র ঘ সামান্ড়রিক

৮. শুধু পরিসীমা দেওয়া থাকলে কোন চতুভূজটি আঁকা যায়?

ক রম্বস খ বর্গক্ষেত্র

গ আয়তক্ষেত্র ঘ সামান্ড়রিক

৯. পরিসীমা দেওয় থাকলে নিচের কোনটি আঁকা যায়?

ক সমদ্বিবাহু ত্রিভুজ খ সমকোণী ত্রিভুজ

গ সমবাহু ত্রিভুজ ঘ বিষমবাহু ত্রিভুজ

১০. নিচে ত্রিভুজের বাহুর দৈর্ঘ্য দেওয়া আছে। কোন ক্ষেত্রে ত্রিভুজটি আঁকা সম্ভব নয়?

ক ২,৩,৫ সে.মি খ ৪,৫,৬ সে.মি

গ ৩,৫, ৭ সে.মি ঘ ৫, ৬,৮ সে.মি

১১। তিনটি কোণ দেওয়া থাকলে বিভিন্ন ক্ষেত্রফলের কতগুলো ত্রিভুজ অঙ্কন করা সম্ভব?

ক দুইটি খ তিনটি

গ চারটি ঘ অসংখ্য

১২। একটি ত্রিভুজের কয়টি অংশ?

ক 7 খ 6

গ 5 ঘ 4

১৩। দুইটি বাহু ও তাদের একটি বিপরীত কোণ দেওয়া থাকলে কয়টি ত্রিভুজ অঙ্কন করা সম্ভব?

ক 1 খ 3

গ 4 ঘ 2

১৪। তিনটি বাহুর দৈর্ঘ্য a,b,c হলে একটি ত্রিভুজ অঙ্কন করা যায় না যদি–

ক $a+b < c$ খ $c + a > b$

গ $b + c > a$ ঘ $a + b > c$

১৫। ত্রিভুজের তিনটি বাহু a, b, c হলে ত্রিভুজটি কোনটির জন্য অঙ্কন সম্ভব নয়?

ক $a + b > c$ খ $c + a > b$

গ $a > b + c$ ঘ $b > a – c$